

“তথ্য অধিকার আইন বাস্তবায়নে করণীয়” শীর্ষক কর্মশালা

তথ্য অধিকার আইন, ২০০৯ কে কীভাবে অধিক কার্যকর ও জনগণের জন্য ফলপ্রসূ করে তোলা যায় সে লক্ষ্যে “তথ্য অধিকার আইন বাস্তবায়নে করণীয়” শীর্ষক এক কর্মশালা আজ রবিবার তথ্য কমিশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদের সভাপতিত্বে উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য মন্ত্রণালয়ের সচিব জনাব আবদুল মালেক। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণ ও অন্যান্য মন্ত্রণালয়ের মধ্য হতে কমিশন কর্তৃক নির্বাচিত দপ্তর/অধিদপ্তরের প্রধানগণ কর্মশালায় উপস্থিত ছিলেন।



জনাব হাসানুল হক ইনু বলেন, প্রশাসনে নজরদারীর মাধ্যমে রাষ্ট্রের পরিচ্ছন্নতা বজায় রাখতে এবং দুর্নীতিমুক্ত দেশ গড়তে বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতায় আসার পর সংসদের প্রথম অধিবেশনেই তথ্য অধিকার আইন পাস করে যা অত্যন্ত কার্যকর ও অগ্রসর একটি আইন। আইনটি জনগণের এবং জনগণ আইনটি ব্যবহার করে তার প্রয়োজনীয় তথ্য বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান থেকে পেতে পারেন।

মন্ত্রী বলেন, প্রশাসনের কর্মচারীদের কর্মসম্পাদনে মানসিকতার পরিবর্তন আনতে হবে এবং সরকার ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসেবে কাজ করতে হবে। তিনি আরও বলেন, তথ্য গোপন করলে জনগণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়। তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতের মাধ্যমে জনগণের মাঝ থেকে বিভ্রান্তি দূর করে দুর্নীতিমুক্ত দেশ গড়তে সকলকে আহ্বান জানান মন্ত্রী।

প্রধান তথ্য কমিশনার বলেন, তথ্যই শক্তি। ব্রিটিশ আমল থেকে তথ্য না দেওয়ার যে সংস্কৃতি কর্মকর্তাদের মাঝে তৈরি হয়েছে সেখান থেকে বের হয়ে এসে তথ্য প্রদানের মনোভাব তৈরি করতে হবে এবং স্ব-প্রণোদিতভাবেই তথ্য প্রকাশ করতে হবে। রাষ্ট্রযন্ত্রের সকল স্তরে স্বচ্ছতা আনয়ন, জবাবদিহিতা নিশ্চিত এবং দুর্নীতি হ্রাসের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় তথ্য অধিকার আইন অনবদ্য ভূমিকা পালন করতে পারে। তথ্য অধিকার আইনই একমাত্র আইন যেটি জনগণ কর্তৃপক্ষের উপর প্রয়োগ করে। তথ্য অধিকার আইনের ব্যাপক প্রচার ও জনসচেতনতা সৃষ্টিতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান প্রধান তথ্য কমিশনার।

তথ্য মন্ত্রণালয়ের সচিব বলেন, বিভিন্ন সহযোগি প্রতিষ্ঠান ও মিডিয়ার সহযোগিতা নিয়ে তথ্য অধিকার আইনের ব্যাপক প্রচার প্রয়োজন। প্রত্যেক অফিসে তথ্য প্রাপ্তির আবেদন ফরম সহজলভ্য করার প্রস্তাব করেন তিনি।

তথ্য কমিশনার নেপাল চন্দ্র সরকার তথ্য অধিকার আইনের উৎপত্তি, লক্ষ্য, উদ্দেশ্য, তথ্য প্রকাশের পদ্ধতি, তথ্য সরবরাহ নিশ্চিত কর্তৃপক্ষের করণীয়, তথ্য কমিশন কর্তৃক এ পর্যন্ত গৃহীত পদক্ষেপসমূহ প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করেন।

অংশগ্রহণকারী সংস্থাসমূহে তথ্য অধিকার আইন বাস্তবায়কগ্লে গৃহীত কর্মকাণ্ডে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং বিভিন্ন কর্মসূচি ও দৈনন্দিন কার্যক্রমে ভবিষ্যতে করণীয় চিহ্নিতকরণ ও বাস্তবায়নের উপায় নির্ধারণের লক্ষ্যে দিনব্যাপি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় তথ্য অধিকার আইন বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রস্তুতির লক্ষ্যে আমন্ত্রিত অতিথিবৃন্দ প্রস্তাবনা উপস্থাপন করেন।

স্বাক্ষরিত/-

২৭-০৫-২০১৮
(লিটন কুমার প্রামাণিক)
জনসংযোগ কর্মকর্তা
তথ্য কমিশন

ফোন- ০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd